


UGC CARE  
Listed Research Journal

ISSN 2229-5399  
THE HERITAGE



# অতিহা The Heritage

Multi-lingual Research Journal  
on  
Indology

Volume-XI, Issue-2, 2020

Aitihya Samstha  
Kahilipara Colony, P.O. Binova Nagar  
Guwahati - 781018, Assam  
India





ঐতিহ্য

## The Heritage

A multi-lingual (English-Bengali-Assamese), peer reviewed research journal on Indology.  
Half Yearly publication of Aitihya Samstha.

### Advisory Board, 2020

- Dr. Ashok Kumar Goswami Formerly Professor & HoD, Sanskrit Dept. Gauhati University
- Dr. Banikanta Sarma Formerly President—Kamrup Anusandhan Samiti & Professor & HoD, Dept of MIL, Gauhati University, Guwahati.
- Dr. Baniprasanna Misra Ex-Director, Centre for Himalayan Studies, North Bengal University, Siliguri, West Bengal, e-mail : baniprasannamisra@gmail.com
- Dr. Mukti Dev Choudhury Formerly Principal, Cotton College (University), Guwahati
- Dr. Usharanjan Bhattacharya Formerly Professor & HoD, Bengali Dept. Gauhati University
- Dr. Nirmal Kanti Bhattacharjee Ex-Director, K. K. Birla Foundation, New Delhi, Formerly Director, National Book Trust
- Sri Sukumar Bagchi, e-mail : bagchi.sukumar387@gmail.com,

### Editorial Board, 2020

#### Editor-in-Chief

Dr. Nandita Bhattacharjee Goswami Formerly Vice-Principal, Cotton College, Guwahati.

#### MEMBERS

Dr. Amalendu Chakraborty, Vice Chancellor—Rabindranath Thakur Viswavidyalaya, Hojai, e-mail : chakramal@gmail.com, Dr. Partha Sarathi Misra, Specialist—Academics. & Pedagogy, Azim Premji University, Bangalore, Formerly Director, ELTI, Guwahati; e-mail : partha.misra@azimpremjifoundation.org, Dr. Akhil Ranjan Dutta, HoD. Dept of Political Science, Gauhati University, Dr. Rakhee Bhattacharjee, Special Centre for the Study of North East India, School of Social Sciences, Jawaharlal Nehru University, New Delhi, Dr. Nilmohan Roy, Retd. HoD—Dept. of Assamese, Pandu College, Guwahati, Dr. Mukta Biswas, Professor, Dept. of Sanskrit, Gauhati University; email : muktabiswasgu@yahoo.co.in, Dr. Sujata Purkayastha, Professor, Sanskrit Dept, Gauhati University; Dr. Naba Kumar Handique, HoD, Dept. of Assamese, Dean of the Faculty of Arts, Dibrugarh University; Dr. Paramananda Mazumder, Deptt. of Geography, Pragjyotish College, Guwahati; Dr. Jyotirmay Sengupta, HoD, Bengali Dept. Pragjyotish College, Guwahati; Dr. Binayak Dutta, Dept. of History, North-Eastern Hill University, Shillong, Meghalaya; e-mail : binayakdutta18@gmail.com, Dr. Bedika Bhattacharjee, e-mail : bedikabhattacharjee@gmail.com

Mailing Address : Dr. P. Goswami, Aitihya Samstha, Kahilipara Colony,  
P.O. Binova Nagar, Guwahati-781018, Assam, India,  
Tele. No. 0361-2471746(R), 098640 22889(M), 098640 22890 (M)  
E-mail : profpannalal@gmail.com, // nandita.goswami08@gmail.com  
Website : www.aitihyatheheritage.in

© Aitihya Samstha

UGC CARE  
Listed Research Journal

ISSN 2229-5399  
THE HERITAGE



ঐতিহ্য

## The Heritage

Multi-lingual Research Journal  
on  
Indology

Volume-XI, Issue-2, 2020

Aitihya Samstha  
Kahilipara Colony, P.O. Binova Nagar  
Guwahati - 781018, Assam  
India



Scanned with OKEN Scanner



## CONTENTS

### বাংলা বিভাগ

- শ্রীবৃন্দাবন দাসের পরিচয়, জীবৎকাল নির্ণয়,  
'শ্রীচৈতন্যভাগবত'-এর কাল ও অন্যান্য রচনা  
অচিন্ত্য বিশ্বাস 63-83
- মানবী-সর্প বিবাহ : কল্পনা না ইতিহাস?  
প্রসঙ্গ : উত্তর-পূর্ব ভারতের তিনটি লোককথা  
অমলেন্দু ভট্টাচার্য 84-98
- সৈয়দ মুস্তাফা সিরাজের কথাসাহিত্যে রাঢ়ের ভৌগোলিক  
প্রেক্ষাপট ও আর্থ-সামাজিক-রাজনৈতিক পরিবর্তনের রূপরেখা  
মিন্টু নস্কর 99-115
- নগেন্দ্রনাথ বসুর 'বঙ্গের জাতীয় ইতিহাস': দেশীয় ইতিহাস  
চিন্তা ও ইউরো কেন্দ্রিক ইতিহাসবোধ সংক্রান্ত বিতর্ক  
শাম্ভবী রায় 116-128

### অসমীয়া বিভাগ

- বীবাংগনা থেং ফাত্ৰীৰ সন্ধানত  
প্রসূন বৰ্মন 131-139
- অসমীয়া গ্রন্থ সম্পাদনাৰ শিপা সন্ধান  
লিপিকা তালুকদাৰ 140-150
- স্বৰাজোত্তৰ অসমত সত্ৰ আৰু শ্রীমন্ত শংকৰদেৱৰ সংঘ :  
জনগোষ্ঠীয় প্রসঙ্গ  
মিলন নেওগ 151-160



# সৈয়দ মুস্তাফা সিরাজের কথাসাহিত্যে রাঢ়ের ভৌগোলিক প্রেক্ষাপট ও আর্থ-সামাজিক-রাজনৈতিক পরিবর্তনের রূপরেখা

মিন্টু নস্কর

বাংলা স্নাতক ও স্নাতকোত্তর বিভাগ, খড়্গপুর কলেজ, ইন্দা, পশ্চিম মেদিনীপুর, পশ্চিমবঙ্গ

## AN ANALYSIS OF THE GEOGRAPHICAL BACKDROP AND SOCIO-ECONOMIC-POLITICAL CHANGES OF RARH BENGAL IN THE WORKS OF SYED MUSTAFA SIRAJ

Mintu Naskar

Dept. of Bengali (UG & PG Studies), Kharagpur College, Inda,  
Kharagpur, West Midnapore, West Bengal

**ABSTRACT :** Syed Mustafa Siraj found the taste of life, the ingredients of literature inside the open generous lap of Rarh Bengal. The vast open fields stretching unto the horizon by the sides of the rivers Ajay, Mayurakshi, Dwarka, Bhagirathi, the bountiful nature laden with its luscious green backdrop attracted Siraj from his very childhood and called him upon the journey of a Bohemian life. In the mature years, this Bohemian life instigated him to join Alkap, the popular folk-theatre group of Murshidabad — he entered the well-known world of rural myth. Roaming around with Alkap acquainted him with the daily lives, the struggle for existence of the people of Rarh Bengal. He realized the rapid changes in the philosophy, beliefs, traditions and values of rural Bengal owing to the Post-Independence socio-economic-political alterations. The ocular and realistic experience of his concerning the





*exploitation of the simple, marginalized communities of Rarh Bengal, the narrative of their life struggle which Siraj portrays in his works is not exaggerated in any form. The paper attempts to analyse the socio-economic-political changes as reflected in Siraj's works, by doing a comparative study with the geographical and local history of Murshidabad, census report from post-Independence era and other concerned reports.*

**Keywords :** *Geographical backdrop, Life-struggle, Local history, Political degradation, Rarh Bengal, Socio-economic-political change,*

আঞ্চলিক সাহিত্যের অন্যতম প্রধান শর্ত হল একটা নির্দিষ্ট ভৌগোলিক প্রেক্ষাপটকে কেন্দ্র করে সেই অঞ্চলের জনজীবনের আর্থ-সামাজিক জীবনচর্যাকে তুলে ধরা। কারণ সেই নির্দিষ্ট অঞ্চলের 'Local colour'-কে তুলে ধরতে দায়বদ্ধ থাকেন আঞ্চলিক কথাকাররা। তাই এ ধরনের সাহিত্য সংরূপ তার নিজস্ব স্বভাব-বৈশিষ্ট্যে একটু পৃথক, এখানে লেখককে ভাবকল্পনার স্বপ্নজগৎ ছেড়ে নেমে আসতে হয় বাস্তবের রক্ষণ কঠোর মাটিতে। তা না-হলে সেই সাহিত্য কালানৌচিত্য দোষে দুষ্ট হয়ে পড়ে। বিখ্যাত পাশ্চাত্য সমালোচক J. A. Cuddon তাই যথার্থই বলেছেন—

*A regional writer is one who concentrates much attention on a particular area and used it and the people who inhabit it as the basis for his or her stories. Such a locale is likely to be rural and or provincial.'*

সৈয়দ মুস্তাফা সিরাজ (১৯৩০-২০১২) রাঢ় বাংলার ভৌগোলিক সীমাসংহতির মধ্যে গ্রামীণ ভারতবর্ষের আর্থ-সামাজিক পরিবর্তনকে অত্যন্ত স্বকীয়তার সঙ্গে তুলে এনেছেন তাঁর গল্প-উপন্যাসে। এক্ষেত্রে দুটি বিষয় ভীষণ গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। এক, মুর্শিদাবাদ জেলার রাঢ়ের প্রত্যন্ত গ্রাম খোসবাসপুরে সিরাজের জন্ম ও বড় হয়ে ওঠা, ফলত গ্রামীণ মাটি আর মানুষের সঙ্গে ছিল তাঁর আজন্ম গভীর যোগসূত্র। দুই, মুর্শিদাবাদের জনপ্রিয় লোকনাট্য আলকাপের<sup>২</sup> সঙ্গে নিবিড় সম্পর্ক। ১৯৫০-৫৬ এই দীর্ঘ সময় আলকাপের দল নিয়ে তিনি চষে বেড়িয়েছেন মুর্শিদাবাদ, মালদা, বীরভূম, বর্ধমান, সাঁওতাল পরগনার বিস্তীর্ণ অঞ্চল। ফলে একদিকে তিনি যেমন প্রান্তিক মানুষের প্রাত্যহিক জীবনচর্যা, জীবনসংগ্রামের বহু উত্থান-পতনের সাক্ষী, তেমনি অন্যদিকে প্রত্যক্ষ করেছেন স্বাধীনতা-পরবর্তী দ্রুত বদলে যাওয়া গ্রামজীবনের অর্থনৈতিক

এবং সামাজিক পরিবর্তন। তাই নিজেই বলেছেন, 'জনসংখ্যার একটা প্রকাণ্ড অংশ গ্রামবাসী। স্বাধীনতার পর থেকে গ্রামে প্রচণ্ড রকমের বিপ্লব ঘটে গেছে। তার অনেকাংশে বিচিত্র ভাঙাগড়া ও রূপান্তরের আমি সাক্ষী। তাই স্বভাবতই আমার লেখক ভূমিকায় একটা গুরুতর দায়িত্বের প্রশ্ন ওঠে।'° এই দায়বদ্ধতাই আঞ্চলিক কথাকারদের গোত্র-লক্ষণ। আর বাস্তব অভিজ্ঞতালব্ধ সেই দায়বদ্ধতা প্রকাশে সচেতন থেকেছেন কথাকার সিরাজ। আসলে তিনি বিশ্বাস করতেন 'সাহিত্যের স্বাদ নিবিড়ভাবে পেতে হলে মাটিটা চেনা ভীষণ দরকার। মাটি— লেখালিখির মাটির। সাহিত্য তো আকাশ থেকে পড়ে না! আদতে তা একটা মাটির ফসল।'° এর সঙ্গে যুক্ত হয় কালের মাত্রা, স্থান-কাল-পাত্র মিশিয়ে একটা বিশেষ পরিবেশ, যা লেখকের মানস-প্রকৃতিকে নিয়ন্ত্রণ করে। আর সেখানে যিনি যত বেশি সং, নিরপেক্ষ ও দায়বদ্ধ হবেন, তাঁর সাহিত্য তত বেশি বাস্তবতাবোধে উত্তীর্ণ আর সার্থক হয়ে উঠবে।

সিরাজের কথাসাহিত্যে আর্থ-সামাজিক প্রেক্ষাপটকে তুলে ধরতে গেলে তিনি যে-আঞ্চলিক সীমাসংহতিকে তাঁর লেখার প্রেক্ষাপট হিসেবে বেছে নিয়েছিলেন, সে-সম্পর্কে আমাদের স্পষ্ট ধারণা থাকা একান্ত প্রয়োজন। আগেই বলেছি মুর্শিদাবাদ জেলায় তাঁর জন্ম ও বড় হয়ে ওঠা। এই জেলার মধ্য দিয়ে প্রবাহিত ভাগীরথী নদীর জলবিভাজন রেখা জেলার ভূ-খণ্ডকে প্রায় দুটি সমান ভাগে ভাগ করেছে। ভাগীরথীর পশ্চিম অংশ রাঢ় আর পূর্ব অংশ বাগড়ী নামে পরিচিত। ভৌগোলিক দিক থেকে নিকটবর্তী হলেও এই দুই অঞ্চল চরিত্রবৈশিষ্ট্যে সম্পূর্ণ পৃথক। 'Bengal District Gazetteers Murshidabad'-এ তাই বলা হয়েছে—

*The river Bhagirathi, flowing from north to south through the district, divides into two almost equal portions, which, in their geology, their physical characteristic,*